# উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, বন্দর, নারায়ণগঞ্জ এর মার্চ/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব বি.এম.কুদরত-এ-খুদা, উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ। |
| স্থান | ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, বন্দর, নারায়ণগঞ্জ। |
| তারিখ | ঃ ২৩-০৩-২০২৩ খ্রি. সময় ঃ সকাল ঃ ১১.০০ টা। |

*(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে স্বাক্ষরের ক্রমানুসারে সংযুক্ত করা হলো)*

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং গত সভার সিদ্ধান্তসমূহ উপস্থাপন করা হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| আলোচ্য বিষয় | ঃ | বিবরণী | ঃ | উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপস্থিত সকলের সাথে কুশল বিনিময় করে গত ২০ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পেশ করেন। কার্যবিবরণীতে কোনো প্রকার সংশোধন রয়েছে কিনা সভায় জানতে চান। |
| আলোচনা-০১<br>গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ | | সিদ্ধান্ত | ঃ | আলোচনাক্রমে কোনোরূপ সংশোধনী ছাড়াই কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | - |
| অতঃপর গত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে পর্যায়ক্রমে আলোচনা ও অদ্যকার কার্যপত্র/আলোচ্যসূচি সম্পর্কিত আলোচনা অনুষ্ঠিত হয়। | | | | |
| আলোচনা-০২<br>মার্চ/২০২৩ মাসের অপরাধচিত্র সংক্রান্ত | ঃ | বিবরণী | ঃ | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অফিসার ইনচার্জ, বন্দর থানা সবাইকে ধন্যবাদ জানিয়ে ফেব্রুয়ারি/২০২৩ মাসের অপরাধচিত্র সভায় উপস্থাপন করেন। ফেব্রুয়ারি/২০২৩ মাসে ৩৬ টি মামলা রুজু হয় যা তদন্তাধীন আছে। উল্লেখ্য যে, জানুয়ারি ২০২৩ মাসে সর্বমোট ৪৪টি মামলা রুজু করা হয়েছিল। ফেব্রুয়ারি ২০২৩ মাসের মামলা পর্যালোচনায় দেখা যায় যে, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে ২৩টি, সড়ক পরিবহন আইনে ১টি, গণধর্ষণ মামলা ২টি, খুন মামলা ১টি, দ্রুত বিচার আইনে ১টি, সিদেল চুরি ১টি এবং অন্যান্য ৭টিসহ সর্বমোট ৩৬ টি মামলা রুজু করা হয়েছে। অন্যান্য এলাকার তুলনায় বন্দরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল দাবী করে অফিসার ইনচার্জ, বন্দর থানা সংশ্লিষ্ট এলাকার চেয়ারম্যানদের মাদক ব্যবসায়ীদের উপর নজরদারী রাখার অনুরোধ জানান। |
| | | সিদ্ধান্ত | ঃ | তদন্তাধীন মামলাসমূহের তদন্ত কাজ সময়োচিতভাবে নিষ্পত্তি করার এবং মাদক ব্যবসায়ীদের বিষয়ে সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | ১. অফিসার ইনচার্জ বন্দর থানা।<br>২. অফিসার ইনচার্জ (সকল ফাঁড়ি) এবং নিয়োজিত সকল কর্মকর্তা, বন্দর, নারায়ণগঞ্জ।<br>৩. জনপ্রতিনিধি (সকল), বন্দর, নারায়ণগঞ্জ। |
| আলোচনা-০৩<br>নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত | ঃ | বিবরণী | ঃ | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অফিসার ইনচার্জ, বন্দর থানা সভাকে আরও অবহিত করেন যে, ফেব্রুয়ারি/২০২৩ মাসে বন্দর উপজেলায় বড় ধরণের কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। সামাজিক ছোট বিষয় নিয়ে স্থানীয়ভাবে মীমাংসা করা হলে মামলার সংখ্যা কমে |

(স্বাক্ষর)

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | যাবে মর্মে অফিসার ইনচার্জ সভায় উপস্থিত সকলকে অবহিত করেন। |
| | | সিদ্ধান্ত | ঃ | নারী ও শিশু নির্যাতনের হার কমিয়ে আনার জন্য উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, বন্দর, নারায়ণগঞ্জ এর সকল ব্যক্তি কর্তৃক ব্যক্তিগত ও সামষ্টিক উদ্যোগ গ্রহণ, ছোট বিষয়ে স্থানীয়ভাবে মীমাংসাকরণ বিষয়ে উদ্যোগী হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | অফিসার ইনচার্জ, বন্দর থানা এবং সকল জনপ্রতিনিধি। |
| আলোচনা-০৪<br>মাদক বিরোধী কার্যক্রম জোরদারকরণ/ আইন-শৃঙ্খলা সংক্রান্ত | ঃ | বিবরণী | ঃ | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অফিসার ইনচার্জ, বন্দর থানা সভায় সকলকে অবহিত করেন যে, ফেব্রুয়ারি/২০২৩ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ২১ টি মামলা রুজু করা হয়। তিনি আরও জানান যে, মাদকের বিস্তার নিয়ন্ত্রণে অত্র উপজেলার বিভিন্ন স্পটে তহল জোরদার করা হয়েছে। মাদক নিয়ন্ত্রণ এবং ইভটিজিং বিষয়ে জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্ট এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে কার্যক্রম পরিচালনা করা হলে মাদক ও ইভটিজিং নিয়ন্ত্রণে থাকবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। |
| | | সিদ্ধান্ত | | ইউনিয়ন পর্যায়ে মাদক ও ইভটিজিং বিরোধী কর্মসূচি গ্রহণ, জনসচেতনতা তৈরি এবং যেকোনো অপরাধ সংঘটনের আভাস পেলে তা উপজেলা নির্বাহী অফিসার এবং অফিসার ইনচার্জ, বন্দর থানাকে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | বাস্তবায়নে | | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), বন্দর, নারায়ণগঞ্জ। |
| আলোচনা-০৫<br>মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত | ঃ | বিবরণী | ঃ | উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সবাইকে অবহিত করেন যে, তিনিসহ সহকারী কমিশনার (ভূমি), বন্দর, নারায়ণগঞ্জ কর্তৃক বাল্য বিবাহ রোধ, ইভটিজিং, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ, অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছেদ, যানবাহন সংক্রান্ত ইত্যাদি বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। যে কোনো সময়ে মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা প্রশাসন তৎপর রয়েছে। তিনি প্রয়োজনীয় তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। |
| | | সিদ্ধান্ত | ঃ | মোবাইল কোর্ট আইন-২০০৯ অনুযায়ী অত্র উপজেলার সকল স্থানে প্রতি সপ্তাহে কমপক্ষে ১টি মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও অপরাধ সংক্রান্ত বিভিন্ন তথ্য নিয়মিতভাবে সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | ১. উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।<br>২. সহকারী কমিশনার (ভূমি), বন্দর, নারায়ণগঞ্জ।<br>৩. অফিসার ইনচার্জ বন্দর থানা।<br>৪. জনপ্রতিনিধি (সকল), বন্দর, নারায়ণগঞ্জ। |
| আলোচনা-০৬<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বন্দর, নারায়ণগঞ্জ এর বক্তব্য | ঃ | বিবরণী | ঃ | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলার বিভিন্ন সরকারি ও বেসরকারি গুরুত্বপূর্ণ কেপিআই ও শিল্প কারখানায় ৩২৫ জন আনসার সদস্য আইন-শৃঙ্খলা রক্ষা এবং নিরাপত্তা নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এছাড়াও আসন্ন ২৮-২৯ মার্চ/২০২৩ খ্রি. তারিখে অত্র উপজেলার লাঙ্গলবন্দ এলাকায় অনুষ্ঠিতব্য হিন্দু ধর্মাবলম্বীদের অষ্টমী পুণ্যস্নান নির্বিঘ্ন করার লক্ষ্যে ইতোমধ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বর্ণিত এলাকায় |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | ১৭টি ঘাটের নিরাপত্তা নিশ্চিতকরণে ৪১৪ জন আনসার ও ভিডিপি সদস্য তিনটি শিফটে ভাগ হয়ে ২৪ ঘন্টা নিরাপত্তা নিশ্চিতকরণে কাজ করবে। |
| | | সিদ্ধান্ত | ঃ | হিন্দু ধর্মাবলম্বীদের অষ্টমী পুণ্যস্নান যথাযথ মর্যাদায় নির্বিঘ্নে অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | অফিসার ইনচার্জ, বন্দর থানা এবং সকল জনপ্রতিনিধি। |
| আলোচনা-০৭<br><br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি বন্দর, নারায়ণগঞ্জ এর বক্তব্য | ঃ | বিবরণী | ঃ | সভাপতি মহোদয় সকলকে অবহিত করেন যে, প্রতি বছরের ন্যায় চলতি বছরের ২৮ ও ২৯ মার্চ হিন্দু সম্প্রদায়ের মহাষ্টমী পুণ্যস্নান নারায়ণগঞ্জ জেলাধীন বন্দর উপজেলার ব্রহ্মপুত্র নদে মহাতীর্থ লাঙ্গলবন্দে অনুষ্ঠিত হতে যাচ্ছে। পূণ্যস্নানে আগত তীর্থ যাত্রী পূণ্যার্থীদের ধর্মীয় আচারাদি সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার নিমিত্ত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এ লক্ষ্যে নবীগঞ্জ গুদারাঘাট, মিনারবাড়ী, বন্দর গুদারাঘাট এলাকায় যানবাহনগুলো যাতে আগত পূণ্যার্থীদের নিকট থেকে অতিরিক্ত ভাড়া আদায় করতে না পারে সে জন্য উল্লিখিত স্থানগুলোতে পর্যাপ্ত পুলিশ মোতায়েনের জন্য অফিসার ইনচার্জ, বন্দর থানাকে অনুরোধ জানানো হয়। এছাড়াও তিনি আগামী ২৮ মার্চ হতে ২৯ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত পূণ্যার্থীদের ছোট গাড়ী, ইজিবাইক, ব্যাটারি চালিত গাড়ী মুনিঋষিপাড়ায় এবং বড় গাড়ী মিনারবাড়ী হাইওয়ের পাশে পার্কিং করলে যানজট কমে চলাচলের পথ নির্বিঘ্ন হবে মর্মে অভিমত ব্যক্ত করেন। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্ত নিয়মিত পুলিশ কর্তৃক টহল জোরদারকরণের পাশাপাশি নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। |
| | | সিদ্ধান্ত | ঃ | বর্ণিত স্থানগুলোতে পুলিশ কর্তৃক নিয়মিত টহল জোরদারকরণের পাশাপাশি নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | ১. সহকারী কমিশনার (ভূমি), বন্দর, নারায়ণগঞ্জ।<br>২. অফিসার ইনচার্জ, বন্দর থানা। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় হিন্দু সম্প্রদায়ের মহাষ্টমী পূণ্যস্নানে আগত তীর্থ যাত্রী, পূণ্যার্থী-অভ্যাগতদের পূণ্যস্নান ও ধর্মীয় আচারাদি সুষ্ঠু ও সুন্দরভাবে যথাযোগ্য মর্যাদার সাথে সম্পন্নকরণের নিমিত্ত পারস্পরিক যোগাযোগের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের পূর্ণ সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বি.এম.কুদরত-এ-খুদা)
উপজেলা নির্বাহী অফিসার
বন্দর, নারায়ণগঞ্জ।
ফোন নং- ০২৯৯৭৭৪৭৬৬৭
bondoruno@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বন্দর, নারায়ণগঞ্জ।
www.bandar.narayanganj.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৬৭০৬.০০০.০৬.০০২.২০.১৩২ তারিখ : ০৯ চৈত্র ১৪২৯ / ২৩ মার্চ ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২০৮, নারায়ণগঞ্জ-৫।
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ।
৪. ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ।
৫. সহকারী কমিশনার (ভূমি), বন্দর, নারায়ণগঞ্জ।
৬. অফিসার ইনচার্জ, বন্দর থানা, বন্দর, নারায়ণগঞ্জ।
৭. উপজেলা.................................... অফিসার (সকল), বন্দর, নারায়ণগঞ্জ।
৮. চেয়ারম্যান, মদনপুর/ধামগড়/মুছাপুর/বন্দর/কলাগাছিয়া ইউনিয়ন পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ।
৯. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সরকারি হাজী ইব্রাহিম আলমচাঁন মডেল স্কুল এন্ড কলেজ, বন্দর, নারায়ণগঞ্জ।
১০. অধ্যক্ষ, বিশ্বনবী (সঃ) ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা, বন্দর, নারায়ণগঞ্জ।
১১. অধ্যক্ষ, বি এম ইউনিয়ন স্কুল অ্যান্ড কলেজ, বন্দর, নারায়ণগঞ্জ।
১২. সভাপতি/সাধারণ সম্পাদক, ............ প্রেস ক্লাব (সকল), বন্দর, নারায়ণগঞ্জ।
১৩. জনাব......................................................................................... বন্দর, নারায়ণগঞ্জ।

২৩/০৩/২৩
উপজেলা নির্বাহী অফিসার
বন্দর, নারায়ণগঞ্জ।